গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস হাউস, ঢাকা
কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.dch.gov.bd
Email: dch@nbr.gov.bd

# গণবিজ্ঞপ্তি

গণবিজ্ঞপ্তি নং- ২১ | তারিখ- ০৪/০৬/২০২৫ খ্রি.

**বিষয়: ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্টস (লাইসেন্সিং ও কার্য-পরিচালনা) বিধিমালা, ২০০৮ এর বিধি ৬(১) অনুযায়ী পরীক্ষা গ্রহণ।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্টস (লাইসেন্সিং ও কার্য-পরিচালনা) বিধিমালা, ২০০৮ এর অধীন লাইসেন্স প্রদানের নিমিত্ত লিখিত পরীক্ষা আগামী ১৫/০৭/২০২৫ খ্রি. তারিখ রোজ মঙ্গলবার সকাল ১০.০০ ঘটিকায় কাস্টমস হাউস, কুর্মিটোলা, ঢাকায় অনুষ্ঠিত হবে।

২। এমতাবস্থায়, সংযুক্ত তালিকা মোতাবেক যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

<u>পরীক্ষার্থীদের প্রতি নির্দেশনা :</u>

(ক) লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য জাতীয় পরিচয়পত্রের মূল কপি ও নিজস্ব প্যাডে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের উপস্থিতিপত্র সঙ্গে আনতে হবে;

(খ) পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে হবে;

(গ) লিখিত পরীক্ষায় কালো কালির কলম ব্যবহার করতে হবে;

(ঘ) পরীক্ষায় কোন প্রকার অসদুপায় অবলম্বন করলে পরীক্ষা তাৎক্ষণিক বাতিল বলে গণ্য হবে এবং তিনি ভবিষ্যতেও এ পরীক্ষার জন্য অযোগ্য বিবেচিত হবেন;

(ঙ) পরীক্ষার মোট নম্বর ৫০ (পঞ্চাশ), পাশ নম্বর ২৫ এবং সময়সীমা ১.৩০ ঘন্টা;

(চ) পরীক্ষা কক্ষে বই-পুস্তক, ব্যাগ, মোবাইল ফোন বা কোন প্রকার যোগাযোগ যন্ত্র/ইলেকট্রনিক ডিভাইস আনা যাবে না;

(ছ) পরীক্ষা শেষে উত্তরপত্র এবং প্রশ্নপত্র উভয়ই জমা প্রদানপূর্বক পরীক্ষা কক্ষ ত্যাগ করতে হবে;

(জ) কর্তৃপক্ষ পরীক্ষা বাতিল, স্থগিত এবং পরীক্ষার সময়সূচী পরিবর্তনের অধিকার সংরক্ষণ করেন।

<u>পরীক্ষার সিলেবাস</u> :

(ক) ফ্রেইট ফরওয়ার্ডিং এজেন্টস (লাইসেন্সিং ও কার্য-পরিচালনা) বিধিমালা, ২০০৮;
(খ) কাস্টমস আইন, ২০২৩;
(গ) ইন্টারন্যাশনাল লজিস্টিকস ও বিজনেস বিষয়ে মৌলিক ধারণা।

স্বাক্ষরিত/-
মুহাম্মদ কামরুল হাসান
জয়েন্ট কমিশনার অব কাস্টমস
ও
সভাপতি, লাইসেন্সিং কর্তৃপক্ষ

নথি নং-৫(২০)০১/কাস-ফ্রেইট ফরওয়ার্ডার্স/বিবিধ/১৯/ ৭৫৭০(২৫) | তারিখ: ০৪/০৬/২০২৫ খ্রি.

<u>অনুলিপি অবগতি ও পরবর্তী কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u> :

১। অ্যাডিশনাল কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা।
২। জয়েন্ট কমিশনার-১/২/৩/৪/৫, কাস্টমস হাউস, ঢাকা।
৩। অ্যাসিস্ট্যান্ট/ডেপুটি কমিশনার (সকল), কাস্টমস হাউস, ঢাকা।
৪। পিএ টু কমিশনার, কাস্টম হাউস, ঢাকা [কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৫। সভাপতি, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স অ্যাসোসিয়েশন, হাউস নং-১০, রোড নং-১৭এ, ব্লট-ই, বনানী, ঢাকা-১২১৩।

04.06.25
মোঃ জাকির হোসেন
ডেপুটি কমিশনার অব কাস্টমস
ও
সদস্য সচিব, লাইসেন্সিং কর্তৃপক্ষ

Scanned with CamScanner